



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৫.১৯.১৭২

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৭

১১ জুন ২০২০

বিষয়: ঢাকা স্টেট কলেজের অধ্যক্ষ দিলওয়ারা ইসলামের বয়স ৬০(ষাট) বছর পূর্ণ হওয়ায় চুক্তি ভিত্তিক নিয়োগ বাতিলের আদেশ, সরকারি অর্থের অপচয় রোধ ও পরিচালনা পর্ষদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: মাউশির স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৬০.১৮.১৭৭৪(৮) তারিখ : ১২.০৫.১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর মোহাম্মদপুর থানাধীন ঢাকা স্টেট কলেজের অধ্যক্ষ দিলওয়ারা ইসলামের অনিয়মের অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দাখিল জন্য মাউশির স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৬০.১৮.১৭৭৪(৮) তারিখ : ১২.০৫.১৯ খ্রি. মোতাবেক (১) প্রফেসর মো: মনোয়ার হোসেন, পরিচালক, ঢাকা অঞ্চল (২) জনাব কাজী নূরে আলম সিদ্দিকী, উপপরিচালক(কলেজ), ঢাকা অঞ্চল (৩) জনাব মো: আল আমিন সরকার, আইন কর্মকর্তা, মাউশি অধিদপ্তর, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং অভিযোগটি ১৫ কর্মদিবসের মধ্যে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হয়। কিন্তু অদ্যাবধি তদন্ত প্রতিবেদন দাখিল করেননি।

এমতাবস্থায়, ০৭(সাত) কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-৬-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা অঞ্চল, ঢাকা
- ২) উপপরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ
শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা
- ৩) শিক্ষা অফিসার-২, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা
অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৫.১৯.১৭২/১

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৭

১১ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) সংরক্ষণ নথি।

১১-৬-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক